

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণী :


সভাপতি : জনাব মোঃ আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
 সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
 সভার তারিখ ও সময় : ১৩/০৩/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ১৩/০৩/২০২২ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

ক্রমং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর
০২	ইডটিজিং, বাল্য বিবাহ নিরোধ	সভায় ইডটিজিং, বাল্য বিবাহ নিরোধ বিষয়ক বর্তমান অবস্থা আলোচনা করা হয়।	উক্ত বিষয়ে আলোচনাতে কমিটি গঠন ত্বরান্বিত করার গুরুত্ব আরোপ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর
০৩	মহান স্বাধীনতা দিবস উদযাপন	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যদার সঙ্গে উদযাপন সম্পর্কে আলোচনা করেন।	মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যদার সঙ্গে উদযাপন সংক্রান্ত সরকারি সিদ্ধান্তসমূহ শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত ও উপজেলা পর্যায়ে পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর ও প্রতিষ্ঠা প্রধান সকল

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আখতারুজ্জামান)
ভাইস চেয়ারম্যান

ও
সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-ইউএসইও/জাস/২২/৯৭
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ


০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নিবাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।

তারিখ : ১৩/০৩/২০২২খ্রিঃ


(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট "ক"

১৩/০৩/২০২২ খ্রি: তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	জনাব মোঃ আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	চেয়ারম্যান, ১৪ নং দিগপাইত ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	চেয়ারম্যান, ১২ নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জামালপুর সদর	সদস্য সচিব